শৈলকুপায় মিথ্যা মামলার বিরুদ্ধে মানব বন্ধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমরান মিয়া বাবুর সহ ৫জন নিরিহ গ্রাম বাসীর বিরুদ্ধে মিথ্যা ও হয়রানি মূলক মামলার তুলে নিতে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

আজ সকাল ১১টায় স্থানীয় কচুয়া বাজারে এ মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মানব বন্ধনে এলাকাবাসির পক্ষে বক্তব্য রাখেন কাজী ইয়াসিন, ভুক্তভোগী ইমরানের বাবা ইদ্রিস মিয়া, মা পারুল বেগম, ভাই পলাশ মিয়া প্রমুখ।

বক্তারা তাদের বক্তব্যে দাবী করেন কথিত সাংবাদিক মনিরুজ্জামান মনির একজন চাঁদাবাজ এলাকায় বিভিন্ন ব্যাক্তি ও ব্যাবসা প্রতিষ্ঠান থেকে প্রসাশনের ভয় দেখিয়ে চাঁদা আদায় করে থাকে। তার নির্দিষ্ট কোন আয় নেই।

তারা প্রশ্ন করেন যে, স্ত্রী সন্তান নিয়ে তিনি কি ভাবে তার সংসারের খরচ চালান? তার বৈধ আয় কি? অপহরণের যে নাটক সাজানো হয়েছে তার রহস্য উন্মোচিত হয়েছে।

২ ফেব্রুয়ারী রাত ১০ টায় তিনি অপহৃত হয়েছেন মর্মে যে মামলা থানায় দায়ের করেছেন তা মিথ্যা ও বানোয়াট। সাংবাদিকের তকমা লাগিয়ে ঘটনা টি তিনি বিভিন্ন নিউজ চ্যানেল ও প্রিন্ট মিডিয়া সহ অনলাইন পত্রিকায় পরিবেশন করিয়ে বিশেষ ফায়দা নিতে চেস্টা করেছেন।

মূল ঘটনা হলো ঘটনার দিন রাতে তিনি শৈলকুপা উপজেলার ৮ নং ধলহরা চন্দ্র ইউনিয়নের ধাওড়া গ্রামে কর্মরত কিছু নির্মান শ্রমিক যাদের বাড়ী কাঁচেরকোল ইউনিয়নের বিভিন্ন গ্রামে এবং যারা ধাওড়া এলাকার মমিনের গোডাওনে রাত্রিযাপন করতো।

তাদের কাছে সে গিয়ে রাতটুকু থাকার জন্য অনুরোধ করে। এলাকার লোক বলে শ্রমিকেরা তাকে আশ্রয় দেয়। সকালে ঘুম থেকে জেগে শ্রমিকরা তাকে পায় না।

পরে তারা জানতে পারে যে মনির ওই এলাকায় রাস্তার পাশে হাত পা বাধা অবস্থায় পড়ে আছে। তিনি ওইদিন সন্ধা রাতে একটি ব্যাটারী চালিত বাহনে শৈলকুপায় গিয়েছিলেন তাও উদ্ধার করা হয়েছে। এছাড়াও তিনি মামলার আবেদনে প্রকৃত বাবার নাম উল্লেখ করেন নি।

ঝিনাইদহে এই প্রথম আদালতে আলোচিত বিয়ে

ঝিনাইদহ জেলা ও দায়রা জজ আদালতে বৃহস্পতিবার দুপুরে এক আলোচিত বিয়ে সম্পন্ন হয়। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আবু আহসান হাবিবের নির্দেশে ও বিয়ের শর্তে জামিন লাভ করেন নাজমুল হোসেন নামে এক ধর্ষণ মামলার আসামী।

ছেলে ও মেয়ের আত্মীয় স্বজন ও উভয় পক্ষের আইনজীবীর উপস্থিতিতে এই বিয়ে সম্পন্ন হয়। এ তথ্য নিশ্চিত করেন আসামী পক্ষের আইনজীবী আমিনুর ইসলাম নুরুল।

তিনি জানান, গত বছরের জানুয়ারী মাসে ঝিনাইদহ শহরের কাঞ্চননগর পাড়ার জাহিদ বিশ্বাসের ছেলে নাজমুল হোসেনের বিরুদ্ধে ধর্ষণ মামলা হয়। মামলায় বলা হয় পবহাটী গ্রামের আজিজুল ইসলামের মেয়ে সুমাইয়া খাতুনকে প্রেমের সম্পর্কের সুবাদে পাশবিক নির্যাতন করে নাজমুল। এই মামলা আসামী কারাগারে ছিলেন।

এক বছর এক মাস পর ধর্ষিতার সঙ্গে ধর্ষকের বিয়ের শর্তে বৃহস্পতিবার জামিন লাভ করেন নাজমুল। জামিনের পরে আদালতেই কাজী মুফতি আরিফ বিল্লাহর উপস্থিতিতে তিন লাখ টাকার দেনমোহরে তাদের বিয়ে সম্পন্ন হয়।

বিষয়টি নিয়ে সরকার পক্ষের আইনজীবী (পিপি) এড ইসমাইল হোসেন খবরের সত্যতা স্বীকার করে জানান, বিয়ের পর খাওয়া দাওয়া শেষে কন্যা জামাইকে শ্বশুর বাড়িতে পাঠানো হয়। এ ধরণের বিয়ে ঝিনাইদহের আদালতে এই প্রথম বলে আইনজীবীরা জানান।

কোটচাঁদপুর পল্লীতে তথ্যসেবা’র উঠান বৈঠক অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় এবং জাতীয় মহিলা সংস্থার আওতায় ‘তথ্য আপা’ প্রকল্পের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগা প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন ও বাস্তবায়নে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে উপজেলা তথ্য আপা কেন্দ্রের আয়োজনে উপজেলার সাফদারপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নে উঠান বৈঠকে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মহসিন আলী।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, তথ্য সেবা সহকারি মমতাজ খাতুন, শারমিন আক্তার, সাংবাদিক এস.এম রায়হান উদ্দীন, অফিস সহায়ক আফসানা খাতুন সহ তথ্য আপা সেবার সুবিধাভোগী গ্রামের সুবিধা বঞ্চিত নারীরা।

খাদ্য নিরাপত্তা নিশ্চত করতে ঝিনাইদহে গৃহিণী সমাবেশ

ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধ ও নিরাপদ খাদ্য ও পণ্য নিশ্চিতকরণে নারীদের ভূমিকা ও করণীয় বিষয়ে সচেতনতা বৃদ্ধির

লক্ষ্যে ঝিনাইদহ জেলা শিল্পকলা একাডেমির হল রুমে এক গৃহিণী সমাবেশের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক মহোদয়ের স্ত্রী শ্যামলী রাণী নাথ। জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

অনুষ্ঠানে ভিডিও প্রদর্শনী ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে নিরাপদ খাদ্য, অনিরাপদ খাদ্য, ভেজাল খাদ্য এর পার্থক্য, খাদ্য নিরাপদ রাখতে করণীয় সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন ঝিনাইদহ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

অনুষ্ঠানে গৃহিণীদের সকল প্রশ্নের জবাব দেন জেলা প্রশাসক এবং সহকারী পরিচালক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ঝিনাইদহ নিরাপদ খাদ্য অফিসার মোঃ রাসেল হোসেন ও ক্যাবের শরিফা খাতুন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সদস্য সুরাইয়া পারভীন মলি।

ঝিনাইদহে সাইবার ক্রাইম প্রতিরোধে কারিগরি দক্ষতা ও সচেতনতা বিষয়ক সেমিনার

ঝিনাইদহে সাইবার ক্রাইম প্রতিরোধে কারিগরি দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে সদর উপজেলা মিলনায়তনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় ১০ দিন ব্যাপী শুরু হওয়া এ সেমিনারের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, উপজেলা শিক্ষা অফিসার এম এ আরিফ সরকার, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকুসহ অন্যান্যরা।

সেমিনারে প্রশিক্ষণ প্রদান করেন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষক ফরিদ হোসেন। অনুষ্ঠানে সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটি বিভাগের ৩০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

ঝিনাইদহে কলাগাছের সাথে দুর্বৃত্তদের শত্রুতা

ঝিনাইদহে একের পর এক কলাগাছের সাথে শত্রুতা করে চলেছে দুবৃত্তরা। গত মঙ্গলবার মধ্যরাতে সদর উপজেলার নলডাঙ্গা ইউনিয়নের কেচমত গড়িয়ালা গ্রামে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগি কৃষক আশরাফুল ইসলাম অভিযোগ করে বলেন, ইতোপূর্বে প্রতিবেশি জাফরের সাথে ছাগলে ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে শত্রুতার সৃষ্টি হয়।

এরই জের ধরে প্রতিপক্ষরা আমার প্রায় অর্ধশত কলাগাছ রাতের আঁধারে কেটে সাবাড় করে দিয়েছে। তিনি আরও বলেন এতে করে আমি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছি। আমি সুষ্ঠু তদন্ত সাপেক্ষে এ ঘটনার বিচার দাবী করছি।

এ ব্যাপারে সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান বলেন, এ ঘটনায় এখনও পর্যন্ত কোন লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

ঝিনাইদহের কালীগঞ্জে বাস উল্টে নিহত-১০, আহত-২০

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারো বাজার এলাকায় যাত্রীবাহী বাস উল্টে দশজন নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ এর তথ্য সুত্রে জানা গেছে।

তিনি জানান, বুধবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৩টার দিকে উপজেলার বারবাজার এলাকায় যশোর দিক থেকে ছেড়ে আসা কষ্টিয়াগামী গড়াই পরিবহনের সাথে একটি ট্রাকের সংঘর্ষ হলে বাসটি রাস্তার ধারে উল্টে যায়া। খবর পেয়ে ঘটনাস্থলে এসে ১০ জনের লাশ উদ্ধার করা হয়েছে। এখনও উদ্ধারকাজ চলমান রয়েছে।

নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানান ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা।

শৈলকুপায় আবাসন প্রকল্পে অনিয়মের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ঝাউদিয়া আবাসন প্রকল্পের টাকা হরিলুট ও ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে।

জানাগেছে, ২০০৫ সালে আবাসন প্রকল্পটিতে ৩২টি ব্যারাকে ৩২০টি ছিন্নমূল পরিবারের জন্য তৈরী হয়। আবাসন প্রকল্পের ছিন্নমূল মানুষের আত্ম কর্মসংস্থানমূলক কর্মকান্ডের মাধ্যমে বা তাদের স্বাবলম্বী করার লক্ষ্যে একটি সমিতি ২০০৫ সালে গঠিত হয়।

বিধি অনুযায়ী যাদের জমি নাই, ঘর নাই তারা প্রকল্পের ঘর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]